

112

29 APR 1952

9

নৈমিত্তিক ইতিহাস

রাঃ বিঃ'র ১৮২ শিক্ষকের উদ্বোধ

## টাঃ বিঃ'র ঘটনা সরকারের ফ্যাসিবাদী চেহারা'রই এক নগ্ন বহিঃপ্রকাশ

রাজশাহী অফিস : রাজশাহী বিশ্ববিদ্যালয়ের ১৮২ জন শিক্ষক ঢাকা বিশ্ববিদ্যালয়ের সাম্প্রতিক ঘটনাবলীতে গভীর উদ্বোধ প্রকাশ করেছেন। তারা এক যুক্ত বিবৃতিতে বলেছেন, বর্তমান সরকার অত্যন্ত সুপরিষ্কৃতভাবে ভিন্ন মতালম্বীদের নির্মূল করার ঘৃণা ষড়যন্ত্রে লিপ্ত হয়েছে। সম্প্রতি ঢাকা বিশ্ববিদ্যালয়ে পুলিশের সহায়তায় একটি ছাত্র সংগঠনের অস্ত্রবাজী ও নারকীয় সন্ত্রাস সরকারের ফ্যাসিবাদী চেহারা'রই একটি নগ্ন প্রকাশ। পুলিশ ও ছাত্র নামধারী ক্যাডারবাহিনী গত ২৪ এপ্রিল সাধারণ ছাত্র ও জাতীয়তাবাদী ছাত্রদের নেতা-কর্মীদের উপর সে বর্বরোচিত হামলা চালায় তা মধ্যযুগীয় বর্বরতাকেও হার মানায়। এই সংগঠনটি ছাত্রদল সমর্থকদের হল থেকে বিতাড়ন করে সকল হল দখল সম্পন্ন করে ক্যাম্পাসে তাদের রাজত্ব কায়েম করে। ক্যাম্পাস থেকে বিতাড়িত ছাত্রদের পুনর্বাসনের ন্যায় দাবীতে ২৬ এপ্রিল ছাত্রদের শান্তিপূর্ণ মিছিলে সরকারের পেটোয়া পুলিশ বাহিনী ঝাঁপিয়ে পড়ে

ছাত্রদের বেধড়ক মারপিট এবং পাইকারীভাবে গ্রেফতার করে। বিবৃতিতে ভিন্নমতালম্বী ছাত্রদের উপর নির্যাতন ও ছাত্রদের শান্তিপূর্ণ মিছিলের উপর হামলার ভীষণ নিন্দা ও ঘৃণা জানিয়ে বলা হয়, এসব ঘটনায় ঢাকা বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের নির্দিষ্টতা অত্যন্ত লজ্জাকর। বিবৃতিতে উদ্দেশ্যে প্রণোদিতভাবে শান্তিপূর্ণ মিছিল থেকে আটককৃত সকল ছাত্রদের নিঃশর্ত মুক্তি, অস্ত্রধারী সন্ত্রাসীদের ক্যাম্পাস থেকে বহিষ্কার এবং বিতাড়িত ছাত্রদের নিজ নিজ হলে পুনর্বাসনের জোর দাবী জানানো হয়।

বিবৃতিতে স্বাক্ষরকারীদের মধ্যে রয়েছেন, প্রফেসর আনিসুর রহমান, প্রফেসর এম আমিনুল ইসলাম, প্রফেসর আব্দুল কাদির ডুইয়া, প্রফেসর মুকলেসুর রহমান, প্রফেসর আজহার আলী, সোহরাব উদ্দিন আহমদ, নজরুল ইসলাম, ডঃ ওবায়দুল্লাহ, ডঃ শামসুল আলম সরকার, ডঃ আফরাউজ্জামান খান চৌধুরী, ডঃ ময়েজুল ইসলাম প্রমুখ।